



## বাংলাদেশ ব্যাংক বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং : ০৯/২০১৬

তারিখ : ১১/০২/২০১৬

### ‘বাংলাদেশ ব্যাংক পুরস্কার’-২০১৫ এর জন্য মনোনয়ন পত্র আহ্বান।

অর্থনৈতিক বিষয়ে সারা জীবনের উল্লেখযোগ্য অবদানের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে ‘বাংলাদেশ ব্যাংক পুরস্কার’-২০১৫ এর জন্য মনোনয়ন পত্র আহ্বান করা যাচ্ছে। পুরস্কারের জন্য অর্থনীতির যে কোন শাখার গবেষণাকর্ম বিবেচনা করা হবে। তবে বাংলাদেশে অর্থনীতি বিষয়ক গবেষণাকে এবং বাংলাদেশে কর্মরত গবেষকদের গবেষণাকে বিশেষ গুরুত্ব দেয়া হবে। সারা জীবনে (Lifetime)/জীবনব্যাপী প্রকাশিত গবেষণাকর্ম বা একক কোন বিষয়ে একাধিক গবেষণাকর্মের উৎকর্ষের মানদণ্ডে প্রার্থী নির্বাচন করা হবে। গবেষণাকর্ম জৰ্নালের প্রবন্ধ, পুস্তক বা পুস্তকের অধ্যায় আকারে হতে পারে।

বাংলাদেশ ব্যাংক থেকে অথবা বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটে ([www.bb.org.bd](http://www.bb.org.bd)) প্রাঞ্চিয় মনোনয়ন পত্র-এর ছকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন প্রার্থীকে মনোনয়ন দিতে পারবেন। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর জীবন বৃত্তান্ত (Curriculum Vitae), যে বিশেষ অবদানের জন্য মনোনয়নকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান তাঁকে ‘বাংলাদেশ ব্যাংক পুরস্কার’-২০১৫ এর উপযুক্ত বলে মনে করেন তার উপর একটি সংক্ষিপ্ত বিবরণী এবং ২(দুই)টি গুরুত্বপূর্ণ প্রকাশনা পাঠাতে হবে।

এ পুরস্কারের আর্থিক মূল্য হবে নগদ দুই লক্ষ টাকা। সে সাথে বাইশ ক্যারোট মানের পাঁচ তোলা বা ৫০-৬০ গ্রাম ওজনের একটি স্বর্ণপদক এবং বাংলাদেশ ব্যাংকের একটি ক্রেস্ট প্রদান করা হবে।

মনোনয়ন পত্র ০৩/০৩/২০১৬ ইং তারিখে বা তার আগে নির্বাহী পরিচালক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর নিকট পৌছাতে হবে। অসম্পূর্ণ মনোনয়ন পত্র এবং উক্ত তারিখের পরে কোন মনোনয়ন পত্র পাওয়া গেলে তা বিবেচনা করা হবে না। মনোনয়ন পত্র ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে নির্বাহী পরিচালক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (মূল ভবনের ৪র্থ তলা) এর কার্যালয়ের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

(আহমেদ জামাল)  
নির্বাহী পরিচালক  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ফোন : ৯৫৩০৮১৯  
E-mail: ahmed.jamal@bb.org.bd

**‘বাংলাদেশ ব্যাংক পুরস্কার’-২০১৫ এর জন্য মনোনয়ন পত্র**

|   |               |                         |  |  |  |  |
|---|---------------|-------------------------|--|--|--|--|
| প্রস্তাবিত ব্যক্তির নাম                       |               |                         |  |  |  |  |
| পিতার নাম                                     |               |                         |  |  |  |  |
| মাতার নাম                                     |               |                         |  |  |  |  |
| স্বামী/স্ত্রীর নাম                            |               |                         |  |  |  |  |
| জন্ম তারিখ                                    |               |                         |  |  |  |  |
| জন্ম স্থান                                    |               |                         |  |  |  |  |
| স্থায়ী ঠিকানা                                |               |                         |  |  |  |  |
| জাতীয়তা                                      |               |                         |  |  |  |  |
| অর্থনীতির যে কোন শাখায় অবদানের<br>সারসংক্ষেপ | (আলাদা কাগজে) |                         |  |  |  |  |
| বর্তমান অবস্থান                               |               |                         |  |  |  |  |
| শিক্ষাগত যোগ্যতা                              |               |                         |  |  |  |  |
| প্রকাশনা (কপিসহ) দুইটি                        |               |                         |  |  |  |  |
| যে বিষয়ে বিশেষজ্ঞ                            |               |                         |  |  |  |  |
| যোগাযোগের<br>ঠিকানা                           | অফিস          | ডাক যোগাযোগের<br>ঠিকানা |  |  |  |  |
|   |               | ফোন নং                  |  |  |  |  |
|   |               | মোবাইল নং               |  |  |  |  |
|   |               | ফ্যাক্স নং              |  |  |  |  |
|   |               | ই-মেইল                  |  |  |  |  |
|   |               | ওয়েবসাইট               |  |  |  |  |
| বাসা  |               | ডাক যোগাযোগের<br>ঠিকানা |  |  |  |  |
|   |               | ফোন নং                  |  |  |  |  |
|   |               | মোবাইল নং               |  |  |  |  |
|   |               | ফ্যাক্স নং              |  |  |  |  |
|   |               | ই-মেইল                  |  |  |  |  |
|   |               | ওয়েবসাইট               |  |  |  |  |

মনোনয়নকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :

যোগাযোগের ঠিকানা :

(স্বাক্ষর)